

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৮২
কুমারঘাট, ২৪ জানুয়ারি, ২০২৪

কুমারঘাটে ২ দিনব্যাপী পথনাটক উৎসবের সূচনা

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কুমারঘাট মহকুমায় আজ থেকে শুরু হয়েছে দু'দিনব্যাপী পথনাটক উৎসব-২০২৪। দু'দিনব্যাপী পথনাটক উৎসবে প্রথম নাটক মঞ্চস্থ হয়েছে কুমারঘাট কো-অপারেটিভ অফিস প্রাঙ্গণে। এছাড়া পথনাটক মঞ্চস্থ হবে দারচৈ, নেতাজী চৌমুহনী, কাঞ্চনবাড়ি মোটর স্ট্যান্ড, বেতছড়া বাজার, মাছমারা বাজার, পৈঁচারখল বাজার, ফটিকরায় বাজার ও পাল বাজারে।
